

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৩২.০০১.২৩.২০৮

তারিখ: ১৮ আষাঢ়. ১৪৩০

০২ জুলাই ২০২৩

বিষয়: উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থসংশ্লিষ্ট মামলা পরিচালনা কার্যক্রম পরিবীক্ষণ সংক্রান্ত
আন্তঃমন্ত্রণালয় কমিটির ৩য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র: ১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.১১১.০৬.১৪৭.১৯.১৩৮, তারিখ: ২০ জুন ২০২৩।

২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৯৩.৩২.০০১.২৩.২০০, তারিখ : ২১ জুন
২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২১/৫/২৩ তারিখে উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলা পরিচালনা পরিবীক্ষণ কমিটির ৩য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন এবং প্রয়োজ্য ক্ষেত্রে বাস্তবায়ন অগ্রগতির তথ্য আগামী ০৫/০৭/২০২৩ তারিখের মধ্যে প্রেরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ অনুরোধ জানিয়েছে (কপি সংযুক্ত) :

(ক) মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ সরকারের বিপক্ষে রায় হওয়া মামলার রায়/আদেশ পর্যালোচনা করে, কি কারণে সরকারের বিপক্ষে আদেশ হয়েছে তার সুনির্দিষ্ট কারণ চিহ্নিত করে উত্তরণের লক্ষ্যে সুপারিশসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রতিবেদন প্রেরণ করবে। মন্ত্রণালয়/বিভাগসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং কোনো বিষয় পরিবীক্ষণ কমিটিতে উপস্থাপনের প্রয়োজন হলে মন্ত্রিপরিষদ বিভাগে তথ্য/ প্রতিবেদন প্রেরণ করবে।

(খ) একই বিষয়ের উপর একাধিক মামলা থাকলে তা চিহ্নিত করে মামলার নম্বর, মামলার বিষয় ও আদালতের নাম উল্লেখ করে **analogous hearing** এর মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ সলিসিটর-কে অনুরোধ করতে হবে। সলিসিটর অনুবিভাগ এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(গ) কোনো মামলায় সরকারের বিপক্ষে রায়/আদেশ হলে যথাযথ গ্রাউন্ড/যৌক্তিকতা উল্লেখ করে নির্ধারিত সময়ের মধ্যে আপিল/রিভিউ দায়ের নিশ্চিত করতে হবে। এ ধরনের মামলার বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট অফিসে সংরক্ষণ ও নিয়মিত তদারকি করতে হবে। এ ধরনের মামলার সমন্বিত তথ্য পরিবীক্ষণ কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

২. উল্লেখ্য, উক্ত সিদ্ধান্তের আলোকে গত ২১ জুন ২০২৩ তারিখের ৩৭.০০.০০০০.০৯৩.৩২.০০১.২৩.২০০ সংখ্যক পত্রের মাধ্যমে জরুরি ভিত্তিতে তথ্যাদি প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়েছে (কপি সংযুক্ত)।


৩. এমতাবস্থায়, নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

ক) গত ২১ জুন ২০২৩ তারিখের ৩৭.০০.০০০০.০৯৩.৩২.০০১.২৩.২০০ সংখ্যক পত্রের আলোকে জরুরি

ভিত্তিতে তথ্যাদি প্রেরণ; এবং

খ) কোনো মামলায় সরকারের বিপক্ষে রায়/আদেশ হলে যথাযথ গ্রাউন্ড/যৌক্তিকতা উল্লেখ করে নির্ধারিত সময়ের মধ্যে আপিল/রিভিউ দায়ের নিশ্চিত করার জন্য এবং এ ধরনের মামলার বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট অফিসে সংরক্ষণ ও নিয়মিত তদারকিকরণ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



২-৭-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

বিতরণ :

- ১) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ২) চেয়ারম্যান , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
- ৩) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৪) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৫) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
- ৬) পরিচালক, পরিচালকের দপ্তর, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর
- ৭) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি
- ৮) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ৯) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ১০) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
- ১১) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১২) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
- ১৩) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
- ১৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
- ১৫) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ১৬) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ


- ১৭) চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা
বোর্ড, দিনাজপুর
- ১৮) রেজিষ্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ১৯) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক
কর্মচারী কল্যাণ ট্রাস্ট
- ২০) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও
কর্মচারী অবসর সুবিধা বোর্ড

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৩২.০০১.২৩.২০৮/১(৪)

তারিখ: ১৮ আষাঢ়. ১৪৩০
০২ জুলাই ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), সমন্বয় শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২-৭-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব